



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## জরুরি বিজ্ঞপ্তি

নং- ৫১২/বিদ্যালয়-১/সাধারণ/১৫৭৪

তারিখ : ০৩/১০/২০১৯


অত্র বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগতির জন্য জানানো যাচ্ছে, এস.আর.ও. নং- ১৯-আইন/২০০৯ তারিখ- ০৮/০৬/২০০৯ এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১১/১৩(আইডিএ)-৩/২০০৩(অংশ)/৬০৮ তারিখ- ০৮/০৬/২০০৯ অনুযায়ী প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ৩৫(১) মোতাবেক “সকল সভা সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হইবে” মর্মে উল্লেখ রয়েছে। প্রায়শই দেখা যায় নির্বাচনের পর সভাপতি পদে নির্বাচনী সভা বিদ্যালয় ক্যাম্পাসে না করে প্রিজাইডিং অফিসারের কার্যালয়ে করা হয়- যা উক্ত বিধির পরিপন্থী। এতে মামলা মোকদ্দমাসহ কমিটি অনুমোদনে বিঘ্ন ঘটছে।

এমতাবস্থায়, প্রিজাইডিং অফিসার এবং সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের উক্ত বিধি অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উক্ত বিধি অনুসরণ না করলে কমিটি অনুমোদনের বিষয়টি বিবেচনা করা হবে না।

### বিষয়টি অতীব জরুরি।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
মোহাম্মদ আবুল মনসুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

### প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ :

- ১। জেলা প্রশাসক (অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা)
- ২। উপজেলা নির্বাহী অফিসার (অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা)
- ৩। জেলা শিক্ষা অফিসার (অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা)
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা)
- ৫। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। অফিস কপি।